



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/23/2022

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল মেডিকেল ঋণসহ রোগীদের রাখা করতে বিধিমালায় স্বাক্ষর করলেন

বিধিমালা (S.6522A/A.7363A) দুরারোহ মেডিকেল বিলসহ রোগীদেরকে তাদের বেতন বা সম্পত্তির উপর নির্দিষ্ট কিছু জরিমানা হওয়া থেকে রক্ষা করবে

2022 স্টেট অফ দ্য স্টেটের লক্ষ্যের অংশ হলো নিউ ইয়র্কের ভোক্তাদের রক্ষা করা এবং আর্থিক স্বাস্থ্য উন্নত করা

গভর্নর ক্যাথি হোকল আজকে বিধিমালা (S.6522A/A.7363A) স্বাক্ষর করলেন দুরারোহ মেডিকেল বিলসহ রোগীদেরকে রক্ষা করার জন্য যার ফলে তাদের বেতনের গার্নিশমেন্ট বা সম্পত্তিতে লিয়েন্স লাগানো হতে পারে।

"চিকিৎসাসেবা গ্রহণের পর কারো নিজেদের বাড়ি হারানো বা আরো ঋণগ্রস্ত হয়ে পড়ার ভুমকির সম্মুখীন হওয়া উচিত না," **গভর্নর হোকল বলেন।** "আমি আজকের বিধিমালায় স্বাক্ষর করতে পেরে গর্বিত যা এই ক্ষতিকর এবং লুণ্ঠনমূলক সংগ্রহ অনুশীলনকে শেষ করবে এবং এইসব অন্যায় জরিমানা থেকে নিউ ইয়র্কবাসীকে রক্ষা করবে। যেহেতু মেডিকেল ঋণ অনেক বেশি মানুষের জন্য চাপ সৃষ্টি করছে, তাই এই অতি গুরুত্বপূর্ণ সমস্যা সমাধানে এটি একটি গুরুত্বপূর্ণ ধাপ।"

বিধিমালা (S.6522A/A.7363A) দেওয়ানি মামলার আইন এবং নিয়ম সংশোধন করে স্বাস্থ্যসেবা প্রদানকারীদের জন্য মেডিকেল ঋণ সংগ্রহ করতে কোনও ব্যক্তির মূল আবাসস্থলে লিয়েন্স লাগানো বা বেতনের গার্নিশমেন্ট নিষিদ্ধ করে। গভর্নর হোকল [2022 স্টেট অফ দ্য স্টেট ভাষণে \(State of the State Address\)](#) নিউ ইয়র্কের ভোক্তাদের রক্ষা করা এবং আর্থিক স্বাস্থ্য উন্নত করতে তার লক্ষ্যসমূহের একটি রূপরেখা প্রদান করেন, যার মধ্যে রয়েছে মেডিকেল ঋণ নিয়ে কাজ করা এবং ভোক্তাদের শোষণকারী ও শাস্তিমূলক অনুশীলন থেকে রক্ষা করা যার ফলে বর্ধিত এবং অনুচিত আর্থিক চাপের সৃষ্টি হয়।

প্রায় অর্ধেক প্রাপ্তবয়স্ক আমেরিকান স্বাস্থ্যসেবার ব্যয়ভার বহন করতে কষ্ট করে, এবং গত পাঁচ বছরে 50,000-র বেশি নিউ ইয়র্কবাসীর বিরুদ্ধে মেডিকেল ঋণের কারণে মামলা করা হয়েছে; এই সমস্যাটি বেশি প্রবল আপস্টেট নিউ ইয়র্কে। পূর্বে, হাসপাতাল ও স্বাস্থ্যসেবা প্রদানকারীরা একজন রোগীর মূল আবাসস্থলে লিয়েন্স লাগাতে পারতো একটি মেডিকেল ঋণ মামলার রায়

পূরণ করার জন্য, যার ফলে আবাসন অস্থিতিশীলতা ও দুর্বল নিউ ইয়র্কবাসীদের বিপর্যস্ত করে এমন আর্থিক পরিণতি দেখা যেতো।

স্টেটের সিনেটর গুস্তাভো রিভেরা বলেন, "নিউ ইয়র্ক অসিদেরকে চিকিৎসাসেবা নেওয়ার ফলে নিজেদের বাড়ি বা জীবিকা হারানোর ভয়ে থাকা উচিত না, বিশেষ করে এমন কঠিন আর্থিক সময়ে। আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাতে চাই আমার বিলকে আইন হিসেবে স্বাক্ষর করার জন্য যা নিউ ইয়র্কবাসীকে মেডিকেল ঋণ সংগ্রহ করার প্রচেষ্টায় মেডিকেল প্রতিষ্ঠান কর্তৃক তাদের বাড়িতে লিয়েন্স লাগা বা বেতনের গার্নিশমেন্ট থেকে রক্ষা করবে। আমাদেরকে অবশ্যই একত্রে কাজ করতে হবে আমাদের স্টেট থেকে মেডিকেল ঋণ নির্মূল করার জন্য এবং আমি আনন্দিত যে আমরা গুরুত্বপূর্ণ এই প্রথম ধাপটি নিচ্ছি।"

অ্যাসেম্বলি সদস্য রিচার্ড গটফ্রিড বলেন, "নিউ ইয়র্কবাসীরা বীমা করানো থাকলেও স্বাস্থ্যসেবার খরচ নিয়ে হিমশিম খায়। সেবা নিতে যাওয়া ব্যক্তির এমন বিলের সম্মুখীন হয় যেখানে নিজের পকেট থেকে ক্রমবর্ধমান পরিমাণ অর্থ দিতে হয়, যেমন অধিক ডিডাক্টিবল, কো-পে এবং বিভিন্ন ফি যা বীমার আওতাধীন নয়। মেডিকেল ঋণ পরিশোধের জন্য মানুষের বাসা ও উপার্জন ঝুঁকিগ্রস্ত হওয়া উচিত নয়। আমি গভর্নর হোকলকে ধন্যবাদে জানাচ্ছি S.6522A/A.7363A কে আইন হিসেবে স্বাক্ষর করার জন্য যা রোগীদের এইসব শোচনীয় অনুশীলন থেকে রক্ষা করবে। বিলটি সম্ভব হতো না সিনেটর রিভেরার দৃঢ় পরিশ্রম ও অ্যাডভোকেসি, অন্যান্য আইনসভার সহকর্মী ও অ্যাডভোকেট, বিশেষ করে কমিউনিটি সার্ভিস সোসাইটিকে ছাড়া।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418